# সাতক্ষীরা-৩ এ বিএনপির মনোনয়ন নিয়ে উত্তপ্ত পরিস্থিতি, কর্মীদের সড়ক অবরোধ




সংগৃহীত ছবি

সাতক্ষীরা-৩ আসনের কালিগঞ্জ ও আশাশুনি উপজেলায় বিএনপির মনোনয়ন নিয়ে দেখা দিয়েছে তীব্র উত্তেজনা। কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ডা. শহিদুল আলমকে প্রার্থী ঘোষণার দাবিতে কয়েক দিন ধরেই স্থানীয় নেতাকর্মীরা বিভিন্ন কর্মসূচি পালন করছেন।

আজ রবিবার (১৬ নভেম্বর) বিকেল ৫টার দিকে কালিগঞ্জ উপজেলা বিএনপি কার্যালয় থেকে বিক্ষোভ মিছিল বের হয়ে ফুলতলা মোড়ের ব্রিজ এলাকায় প্রধান সড়ক অবরোধ করা হয়। এতে এলাকায় দীর্ঘ সময় যান চলাচল অচল হয়ে পড়ে।

বিক্ষোভকারীরা জানিয়েছেন, ডা. শহিদুল আলমকে মনোনয়ন না দেওয়া পর্যন্ত তাদের কর্মসূচি অব্যাহত থাকবে।

LENS ASIA